International Labour Organization



# আন্তর্জাতিক শ্রম সংস্থার কান্ট্রি ডিরেক্টর ম্যাক্স টুননের পরিচিতি

ম্যাক্স টুনন ১ আগস্ট ২০২৫ থেকে আইএলও বাংলাদেশ কার্যালয়ের কান্ট্রি ডিরেক্টর হিসেবে দায়িত্ব পালন করছেন।

এর আগে তিনি দোহায় আইএলও কার্যালয়ের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। এই পদে থাকাকালীন তিনি কাতার সরকার ও অংশীদারদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে একটি ব্যাপক শ্রম সংস্কার কর্মসূচি বাস্তবায়নে ভূমিকা রাখেন। এছাড়াও তিনি একই কার্যালয়ে কারিগরি বিশেষজ্ঞ হিসেবে কর্মরত ছিলেন, যেখানে তিনি মজুরি সুরক্ষা, শ্রম পরিদর্শন এবং পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক কর্মসূচির তত্ত্বাবধান করেন।

২০১৬ থেকে ২০১৮ সাল পর্যন্ত ম্যাক্স টুনন নয়াদিল্লিতে অবস্থিত আইএলও উপ-আঞ্চলিক কার্যালয়ে দক্ষিণ এশিয়ার শ্রম অভিবাসন বিশেষজ্ঞ হিসেবে কর্মরত ছিলেন। সেখানে তিনি গবেষণা, সক্ষমতা বৃদ্ধি এবং সরকার ও সামাজিক অংশীদারদের সঙ্গে পরামর্শমূলক প্ল্যাটফর্মের মাধ্যমে ছয়টি দেশে এবং আঞ্চলিক পর্যায়ে শ্রম অভিবাসন পরিচালনা সংক্রান্ত নীতি প্রণয়নে সহায়তা করেন।

২০০৯ থেকে ২০১৬ সাল পর্যন্ত তিনি ব্যাংককে অবস্থিত আইএলও আঞ্চলিক কার্যালয়ে কর্মরত ছিলেন এবং সেখানে ট্রায়াঙ্গল (TRIANGLE) প্রকল্প পরিচালনা করেন। এই কাজটি দক্ষিণ-পূর্ব এশিয়ার ছয়টি দেশে এবং আসিয়ান আঞ্চলিক পর্যায়ে নিয়োগ ও শ্রম সুরক্ষা সংক্রান্ত নীতি ও চর্চা শক্তিশালী করার ওপর দৃষ্টি নিবদ্ধ করেছিল। তিনি থাইল্যান্ডের মৎস্য ও সামুদ্রিক খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে কর্মপরিবেশের উন্নয়নের লক্ষ্যে পরিচালিত কর্মসূচিতেও কাজ করেন।

এছাড়াও তিনি চীনে চার বছর কর্মরত ছিলেন, যেখানে তিনি গ্রামীণ-শহুরে অভিবাসন এবং যুব কর্মসংস্থান বিষয়ে কাজ করেন, যার মধ্যে জাতিসংঘের একটি যৌথ কর্মসূচিও অন্তর্ভুক্ত ছিল।

ম্যাক্স টুনন যুক্তরাজ্য ও পানামার নাগরিক। তিনি ইউনিভার্সিটি অব সাসেক্স থেকে সোশ্যাল ডেভেলপমেন্ট বিষয়ে এমএ এবং গ্লাসগোর ইউনিভার্সিটি অব স্ট্র্যাথক্লাইড থেকে বিজনেস স্টাডিজ বিষয়ে বিএ ডিগ্রি অর্জন করেছেন।